



মীর নাসির হোসেন

১৯৫১ সালের ১লা ফেব্রুয়ারি

ফরিদপুর শহরের ঝিলটুলিতে

মীর নাসির হোসেনের পিতা আকেব হোসেন একজন বিশিষ্ট ব্যবসায়ী ছিলেন। তাঁদের দুই ভাই ও পাঁচ বোনের মধ্যে তিনি হলেন পঞ্চম। মীর নাসিরের এক ছেলে এক মেয়ে। মেয়ে মাহিরন নাসির বাংলাদেশ থেকে ইঞ্জিনিয়ারিং করে কানাডা থেকে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং পাশ করেছে। ছেলে রুসনান নাসির কানাডা থেকে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে গ্রাজুয়েশন শেষ করেছে।

মীর নাসির হোসেন হিতৈষী স্কুলে প্রাইমারি এবং [ফরিদপুর জিলা স্কুল](#) থেকে মাধ্যমিক পাশ করেন। [রাজেন্দ্র কলেজ](#) থেকে উচ্চ মাধ্যমিক পাশ করেন। এরপর ১৯৬৮ সালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবার পর ১৯৬৯ এর গণ আন্দোলনে সক্রিয়ভাবে অংশ গ্রহণ করেন এবং এই সালে তাঁর বাবা মারা যান। বাবা মারা যাওয়ার পরে তাদের পরিবারে আর্থিক সংকটে পরে। কারন তাঁর বড় ভাই তখন ফাইনাল বর্ষের ছাত্র।

তিনি যখন ২য় বর্ষের ছাত্র তখন দেশে যুদ্ধ শুরু হয়ে গেল। তিনি ফরিদপুরে আসলেন। এরপর তিনি প্রায় দুইশত ছাত্র-ছাত্রীদের নিয়ে রাজেন্দ্র কলেজ মাঠে জড়ো করে রাইফেল কিভাবে চালাতে হয় সেটার প্রশিক্ষণ দিলেন। এরপর কিছুদিন পর তিনি গ্রামের বাড়ী মাগুরায় চলে যান এবং সেখানে মুক্তিযুদ্ধকালীন সময়ে অবস্থান করেন। মুক্তিযুদ্ধ কালীন সেশনজট হওয়ায় তিনি ১৯৭২ সালে তিনি অনার্স এবং ১৯৭৫ সালে এমকম পাশ করেন।

এরপর তিনি ফরিদপুরে এসে পিতার ব্যবসা প্রতিষ্ঠানে যোগদান করেন। তখন তাঁর বড় ভাই মীর জাহির হোসেন সবে মাত্র ইঞ্জিনিয়ারিং পাশ করে বাবার ব্যবসার হাল ধরেছেন। মীর আকতার হোসেন লিমিটেড নামে কনস্ট্রাকশন ব্যবসা ছিল তাঁদের। দুই ভাই মিলে ব্যবসাকে ধীরে ধীরে এগিয়ে নিতে থাকলেন ১৯৭৪ সাল থেকে ৮২ সাল পর্যন্ত। তিনি ফরিদপুরেই ব্যবসা করছেন আর তাঁর বড় ঢাকায় ব্যবসা শুরু করেছিলেন। তাঁর মা তাকে ঢাকায় ব্যবসা করার পরামর্শ দিলেন। মায়ের অদূরদর্শী় তিনি ঢাকায় চলে গেলেন এবং বড় ভাইয়ের সাথে ব্যবসায় লেগে পড়লেন। ঢাকা এবং ঢাকার বাইরে দেশের বিভিন্ন জায়গায় তাঁদের ব্যবসা

সম্প্রসারণ করলেন।

এরপর মীর আকতার হোসেন লিমিটেড থেকে একে একে গড়ে তুললেন মীর সিরামিকস, মীর সিমেন্ট, মীর হোল্ডিংস, মীর সফটওয়্যার, এনসিসি ব্যাংক ও ইস্টার্ন ব্যাংক।

২০০৯ সালে তাঁর বড় ভাই মারা যাবার পর এই প্রতিষ্ঠান গুলো দুই পরিবারের মধ্যে ভাগাভাগি করে পরিচালনা করেন। বড় ভাইয়ের ছেলে মেয়েরা তাঁর বড় ভাইয়ের ভাগের প্রতিষ্ঠান গুলো দেখাশোনা করছে।

তিনি বাংলাদেশে অন্যতম নির্মাণ প্রতিষ্ঠান মীর আকতার হোসেন লিঃ এর পরিচালক। তিনি ইস্টার্ন ব্যাংকের পরিচালক ছিলেন। তিনি ফরিদপুর চেম্বার অব কমার্সের প্রেসিডেন্ট ছিলেন বেশ কয়েকবার। মীর নাসির হোসেন বাংলাদেশ ফেডারেশন অব চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজের কার্যনির্বাহী পরিষদের সদস্য। তিনি এফ বিসিসি আই এর কার্যনির্বাহী সদস্য ছিলেন। তিনি সার্ক চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর নির্বাহী পরিষদের সদস্য। তিনি দেশের ব্যবসা-বানিজ্য সংক্রান্ত কাজে এবং বেসরকারী ও সরকারী প্রতিনিধি হিসাবে পৃথিবীর বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন। দেশের অর্থনৈতিক উন্নয়নে তিনি একজন সক্রিয় কর্মী। তিনি বহু সামাজিক ও সমাজকল্যানমূলক প্রতিষ্ঠানের সাথে সক্রিয়ভাবে সংযুক্ত।